ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-২০০১
খোয়াই, ২৯ জুলাই, ২০২৫

**খোয়াই-এ স্বাধীনতা দিবস উদযাপনের প্রস্তুতি**

অন্যান্য বছরের ন্যায় এবছরও খোয়াই জেলা প্রশাসনের উদ্যোগে খোয়াই বিমানবন্দর মাঠে যথাযোগ্য মর্যাদায় জেলাভিত্তিক ৭৯তম স্বাধীনতা দিবস পালন করা হবে। এ উপলক্ষ্যে আজ জেলা প্রশাসনের কনফারেন্স হলে জেলাশাসক রজত পন্থের সভাপতিত্বে এক প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়। সভায় আলোচনায় অংশ নিয়ে জেলাশাসক রজত পন্থ জেলাভিত্তিক স্বাধীনতা দিবস যথাযোগ্য মর্যাদায় পালন করার জন্য বিভিন্ন দপ্তরের আধিকারিক সহ সকলকে এগিয়ে আসার আহ্বান জানান। বৈঠকে উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলাশাসক অভিজিৎ চক্রবর্তী, অতিরিক্ত জেলাশাসক অভেদানন্দ বৈদ্য, খোয়াই মহকুমার মহকুমা শাসক শীর্ষেন্দু দেববর্মা, এসডিএফও সুস্মিতা দাস প্রমুখ।

বৈঠকের সিদ্ধান্ত অনুযায়ী আগামী ১৫ আগষ্টের মূল অনুষ্ঠান আয়োজিত হবে খোয়াই বিমানবন্দর মাঠে। ঐদিন সকাল ৯টা ১০ মিনিটে প্রধান অতিথি যথাযোগ্য মর্যাদায় জাতীয় পতাকা উত্তোলন করবেন। এছাড়া সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হবে। ঐদিন ভোরে এলাকার শিল্পীদের নিয়ে অনুষ্ঠিত হবে প্রভাতফেরি। সকাল ৭টায় সরকারি, আধা সরকারি অফিসে ও সূর্যোদয়ের সাথে সাথে বাড়িঘরে জাতীয় পতাকা উত্তোলন করা হবে। এর পর সকাল ৭টা ৩০ মিনিটে ঋষি অরবিন্দ পার্কে ঋষি অরবিন্দের জন্মজয়ন্তী পালন করা হবে। কর্মসূচি অনুযায়ী ১৪ আগষ্ট সকাল ৭টা ১০ মিনিটে খোয়াই সরকারি দ্বাদশ শ্রেণি বিদ্যালয়ে ছোট ছোট ছেলেমেয়েদের নিয়ে বসে আঁকো প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। বিকাল ৩টায় খোয়াই সরকারি দ্বাদশ শ্রেণি বিদ্যালয়ের মাঠে ভলিবল প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। বিকালে সুভাষ পার্কে পথনাটক অনুষ্ঠিত হবে।

১৫ আগষ্ট সকাল ১১টায় খোয়াই সাব জেলের আবাসিক, জেলা হাসপাতালের রোগী ও আমপুরা অরফেন বয়েজ হোমের আবাসিকদের মধ্যে ফল ও মিষ্টি বিতরণ করা হবে। বিকাল ৪টায় খোয়াই মহকুমার বিভিন্ন স্থানে বৃক্ষরোপন করা হবে। বিকাল ৩টায় খোয়াই সরকারি দ্বাদশ শ্রেণি বিদ্যালয় মাঠে প্রীতি ফুটবল ম্যাচ অনুষ্ঠিত হবে। সন্ধ্যায় নতুন টাউনহলে বিভিন্ন সংস্থা ও স্থানীয় শিল্পীদের নিয়ে এক মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজিত হবে। আজ অনুষ্ঠিত বৈঠকে স্বাস্থ্য, পূর্ত, মহকুমা প্রশাসন, আরক্ষা, টিএসআর, বিএসএফ, ক্রীড়া, সমাজকল্যাণ ও সমাজশিক্ষা, অগ্নিনির্বাপক, জেলা তথ্য ও সংস্কৃতি কার্যালয়ের আধিকারিক ও কর্মীগণ উপস্থিত ছিলেন।

*******